উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

## নীলফামারী সদর উপজেলা পরিষদ এর সেপ্টেম্বর, ২০২৫ মাসের সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ সাইফুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও প্রশাসক<br>উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী। |
| তারিখ | ঃ | ৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য। |

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, নীলফামারী সদর উপস্থিত সকলকে স্বাগত সভার কাজ আরম্ভ করা হয় এবং গত ২৮-০৮-২০২৫ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় এবং বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৭টি কমিউনিটি ক্লিনিক সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত চালু রেখে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। গত আগস্ট ২০২৫ মাস পর্যন্ত ২১৭ জন এএনসি ও ৬৯ জনকে পিএনসি সেবা প্রদান করা হয়। ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ইপিআই, স্বাস্থ্য শিক্ষা, ডায়রিয়া, যক্ষা, কুষ্ঠ ও স্যানিটেশন কার্যক্রম চলমান। ৯(নয়) মাস হতে ১৫(পনেরো) বছর বয়সী সকল শিশুকে আগামী ১২/১০/২০২৫ তারিখ হতে টাইফয়েড টিকা প্রদান কার্যক্রম শুরু হবে। তিনি টিকা কার্যক্রম সফলভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন। | ১। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীকে স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br>২। হাট-বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>৩। টাইফয়েড টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদর, নীলফামারী এর কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। চলতি আমন মৌসুমে আগাম জাতের ধান কর্তন শুরু হয়েছে। আমন ধানে বাদামী গাছ ফড়িং আক্রমন দেখা যাচ্ছে এবং কৃষকদেরকে বালাই নাশক প্রয়োগের পরামর্শ প্রদান করা হচ্ছে। | ১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>২। ভেজাল কীটনাশক বন্ধে দোকানসমূহে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ০৪/১০/২০২৫ হতে ২৫/১০/২০২৫ তারিখ পর্যন্ত সারা দেশে মা ইলিশ সংরক্ষণ অভিযান পরিচালিত হবে। মাছের আলসার রোগ প্রতিরোধে মৎস্য চাষীগণকে পরামর্শ প্রদান করা হচ্ছে। মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ অনুযায়ী পিরানহা, আফ্রিকান মাগুর মাছ এবং কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল নিষিদ্ধকরণে নিয়মিত বাজার পরিদর্শন করা হচ্ছে। বিল, খাল বা অন্যান্য জলাশয় সম্পূর্ণ শুকিয়ে মাছ ধরা মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ অনুযায়ী দন্ডনীয় অপরাধ। এ ব্যাপারে সজাগ হওয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ অন্যান্যদের আহবান জানানো হয়েছে। উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। আধুনিক পদ্ধতিতে মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে<br>২। মাছের আলসার রোগ প্রতিরোধে মৎস্য চাষীগণকে পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের কার্যক্রমের অংশ হিসেবে গবাদি পশু ও হাস-মুরগির চিকিৎসা ও ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | গবাদিপশু ও হাঁস-মুরগি পালনের উপর সাধারণ জনগণকে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলফামারী সদর |

চলমান

| | | |
|---|---|---|
| ০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি-১০৮,২৭৪ জন, সর্বমোট গ্রহণকারী-৮৯০৯৮জন, পদ্ধতি গ্রহণকারীর হার-৮২.২৯%, মোট গর্ভবতী ৩৬৭২ জন, স্বাভাবিক প্রসব-ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৪২জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে-১৫জন। আগস্ট ২০২৫ মাসে খাবার বড়ি ১২৬১৬ চক্র, আপন ০৪ চক্র, কনডম ৮৮৯২পিস, ইনজেকশন ২৩০৪ ভায়াল বিতরণ করা হয়েছে। আই,ইউ,ডি ১৫ জন এবং ইমপ্ল্যান্ট ১৪ জনকে প্রদান করা হয়েছে। তিনি আরও জানান যে, ১জন মহিলাকে স্থায়ী পদ্ধতি প্রদান করা হয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ, স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান। | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |
| ০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে সকল প্রকার ভাতাভোগীদের অনুকূলে জুলাই হতে সেপ্টেম্বর ২০২৫ মাস পর্যন্ত ভাতা বিতরণের জন্য পে-রোল প্রেরণ করা হয়েছে। | সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর |
| ০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে দপ্তরের কাজে কোন সমস্যা নাই। | ১। বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২। ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার নীলফামারী সদর |
| ০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারীর প্রতিনিধি সভায় জানান যে, "জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ" কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ চক্রে উপকারভোগী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ইউনিয়ন পরিষদসমূহ উপকারভোগীর তালিকা দাখিল করেছেন। প্রাপ্ত উপকারভোগীর আবেদনসমূহ যাচাই-বাছাই অন্তে সঠিক থাকায় অনুমোদনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নীলফামারী সদর |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে ১৮০টি অগভীর নলকূপ স্থাপন কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নীলফামারী সদর |
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলার ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ০১টি পরীক্ষণ বিদ্যালয় রয়েছে। উক্ত বিদ্যালয়সমূহ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চওড়াবড়গাছা ও লক্ষীচাপ ইউনিয়নে গাভীপালন প্রকল্প চলমান। উক্ত প্রকল্পের ঋণখেলাপীর সংখ্যা ৪৮ জন। ঋণ আদায়ের কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষকদের অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান। এইচএসসি পরীক্ষা ২০২৫ সুষ্ঠভাবে সমাপ্ত হয়েছে। গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ এর কার্যক্রম চলমান। শিক্ষার্থীদের টাইফয়েড টিকা প্রদানের জন্য রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। শিক্ষার মান উন্নয়নে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত পাঠদান কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২। শিক্ষার্থীদের টাইফয়েড টিকা প্রদানের জন্য দ্রুত রেজিস্ট্রেশন কাজ সম্পন্ন করতে প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্তভাবে তার দপ্তরের আগস্ট ২০২৫ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>১৮.১। আউশ ফসলের মূল্য ও উৎপাদন খরচ তথ্য জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। ভূমির ব্যবহার ও সেচ পরিসংখ্যান জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। মৎস্য উৎপাদন জরিপ ও বন জরিপ সম্পর্কিত প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। গবাদি পশু ও হাস-মুরগী প্রাক্কলন জরিপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ের প্রেরণ করা হয়েছে।<br>১৮.৫। এস ভি আর এস প্রকল্পের আওতায় জনতাত্বিক বিভিন্ন সূচক নির্ধারণের জন্য অত্র উপজেলার ৮টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্টার ও সুপারভাইজারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।<br>১৮.৬। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | সকল প্রকার প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সহকারী প্রকৌশলী জানান যে, গভীর নলকূপসমূহ সচল আছে। কৃষকের চাহিদার ভিত্তিতে সেচ প্রদান করা হবে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, নীলফামারী |
| ২১. আইসিটি বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা আইসিটি অফিসার নীলফামারী সদর |
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ): কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| ২৩. নির্বাচন কমিশনঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার নীলফামারী সদর। |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, ডোর টু ডোর কার্যক্রম চলমান রয়েছে এবং উঠান বৈঠক কার্যক্রম বন্ধ রয়েছে। | ডোর টু ডোর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গত অর্থ বছরের অনুমোদিত সকল প্রকল্প শতভাগ বাস্তবায়ন হয়েছে। চলতি অর্থ বছরে অদ্যাবধি কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প বাস্তবায়ন করা হবে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর নীলফামারী। |
| ২৭. গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প ৩য় পর্যায় |

অত:পর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৯/২৫
মোঃ সাইফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১.৩২(৪৫)

তারিখঃ ১৫ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৬। উপজেলা.......................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

০৭। চেয়ারম্যান,......................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

৩০/৯/২৫
(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner